‘মুজিববর্ষ’ উপলক্ষ্যে
বীর মুক্তিযোদ্ধাগণের জন্য ফেরিঘাটে প্রবেশের টার্মিনাল চার্জ ও লঞ্চঘাটের প্রবেশ ফি মওকুফ

ঢাকা, ২৪ ফেব্রুয়ারি;

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী ‘মুজিববর্ষ’ উপলক্ষ্যে আগামি ১৭ মার্চ, ২০২০ হতে বীর মুক্তিযোদ্ধাগণের জন্য ফেরিঘাটে প্রবেশের টার্মিনাল চার্জ ও লঞ্চঘাটের প্রবেশ ফি মওকুফ করেছে নৌপরিবহন মন্ত্রণালয়।

‘মুজিববর্ষ’ উপলক্ষ্যে সকল বীর মুক্তিযোদ্ধার নৌপথে চলাচল সহজতর করার লক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ের অধিনস্থ বিআইডব্লিউটিএ’র নিয়ন্ত্রণাধিন সকল ফেরিঘাটে প্রবেশের টার্মিনাল চার্জ, সকল প্রকার লঞ্চঘাটের প্রবেশ ফি যথাযথ পরিচয়পত্র প্রদর্শন সাপেক্ষে পরবর্তি আদেশ জারি না হওয়া পর্যন্ত মওকুফ করা হয়েছে।

নৌপরিবহন মন্ত্রণালয় আজ এ সংক্রান্ত এক অফিস আদেশ জারি করেছে।

২৪/২/২০
(মোঃ জাহাঙ্গীর আলম খান)
সিনিয়র তথ্য কর্মকর্তা
নৌপরিবহন মন্ত্রণালয়
০১৭১১৪২৫৩৬৪
jahangirpro66@gmail.com,